



ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি (আইইপিটি) তে পি-এইচ. ডি ও মাস্টার্স প্রোগ্রামে যে সকল শিক্ষার্থী অধ্যয়ন করছে তাদেরকে আগামী ০২/০৯/২০২৪ হতে ১৯/০৯/২০২৪ তারিখের মধ্যে ২০২৪ শিক্ষাবর্ষের জুলাই সেমিস্টারে কোর্স ও থিসিস/প্রজেক্ট এর রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত হারে ফিস পরিশোধান্তে কোর্স রেজিস্ট্রেশন করতে বলা যাচ্ছে।

উল্লেখ্য যে, ২০২৪ শিক্ষাবর্ষের জুলাই সেমিস্টারে পি-এইচ. ডি ও মাস্টার্স প্রোগ্রামে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স রেজিস্ট্রেশন বাবদ কোন ফিস প্রদান করতে হবে না। তাদেরকে শুধুমাত্র অনলাইনে কোর্স রেজিস্ট্রেশন করতে হবে। তবে কোন শিক্ষার্থী যদি পাটটাইম ৬ ক্রেডিট অথবা ফুলটাইম ১২ ক্রেডিট এর অতিরিক্ত ক্রেডিট নিতে চায় তাহলে তাকে প্রতি ক্রেডিট ১০০/- হারে অতিরিক্ত ফি জমা দিতে হবে।

ফি এর বিবরণ

সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯		
১।	কোর্স রেজিস্ট্রেশন ফি প্রতি Credit ১০০/- টাকা হারে	
২।	পরীক্ষার ফি	৩৫০.০০
৩।	গ্রেডশীট	৫০.০০
৪।	থিসিস/প্রজেক্ট ফি প্রতি Credit ১০০/- টাকা হারে	
৫।	চিকিৎসা ফি *	২২০.০০
৬।	ইন্টারনেট ফি *	১৮০.০০
৭।	পরিবহন ফি *	২২৫.০০
৮।	বিদ্যুৎ *	৩০০.০০
৯।	ছাত্রত্বের ধারাবাহিকতা ফি (শুধুমাত্র কোর্স ও থিসিস রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে তাদের জন্য প্রযোজ্য)	৫০০.০০
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩		
১০।	ধর্মীয় ফি	২৫.০০
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩		
১১।	ছাত্র বিষয়ক কার্যক্রম	৭৫.০০
১২।	সাহিত্য ও সংস্কৃতি ফি	৪৫.০০
১৩।	খেলাধুলা ফি	১২৫.০০
১৪।	বার্ষিকী	৩০.০০
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০		
১৫।	জরুরী সাহায্য তহবিল	১০০.০০
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১		
১৬।	বিএনসিসি	২০.০০

আরও উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষার্থীদের (বিভাগীয় প্রার্থী) ক্ষেত্রে '*' চিহ্নিত পরিবহন, বিদ্যুৎ, চিকিৎসা এবং ইন্টারনেট ফি প্রযোজ্য হবে না এবং শুধুমাত্র থিসিস ও নরমাল রেজিস্ট্রেশনকারীদের পরীক্ষার ফি ও গ্রেডশীট এর ফি দেওয়া লাগবে না।

জরিমানা ছাড়া কোর্স রেজিস্ট্রেশনের শেষ তারিখঃ ১৯/০৯/২০২৪।

৩০০/- (তিনশত) টাকা জরিমানাসহ কোর্স রেজিস্ট্রেশনের তারিখঃ ২২/০৯/২০২৪ হতে ২৬/০৯/২০২৪ তারিখ পর্যন্ত।

অনলাইন রেজিস্ট্রেশন করার নিয়মাবলী

- ২০২৪ শিক্ষাবর্ষের জুলাই সেমিস্টারে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে আইইপিটি এর অফিস হতে User ID ও Password সংগ্রহ করে Online এ (<https://academic.kuet.ac.bd/pg>) রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- পরিচালক, আইইপিটি কর্তৃক অফারকৃত কোর্স এর মধ্য থেকে যে সকল কোর্স নিতে ইচ্ছুক সে সকল কোর্স টিক (√) চিহ্ন দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অতঃপর সংশ্লিষ্ট শিক্ষক, সুপারভাইজার (যদি থাকে), কোর্স কোর্ডিনেটর এবং পরিচালকের সাথে যোগাযোগ করে অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশনের অনুমোদন নিতে হবে। রেজিস্ট্রেশন অনুমোদনের পর ব্যাংকে টাকা জমা দেয়ার জন্য শিক্ষা শাখায় যোগাযোগ করতে হবে।
- টাকা জমা দেওয়ার রশিদে নির্ধারিত হারে ফি-এর টাকা পূরণপূর্বক তা শিক্ষা শাখা কর্তৃক যাচাই এর পর ব্যাংকে টাকা জমা দিতে হবে এবং টাকা জমা রশিদের শিক্ষা শাখার কপি শিক্ষা শাখায় জমা দিতে হবে।
- অনলাইনে রেজিস্ট্রেশনের সময় কোন ধরণের সমস্যার সম্মুখীন হলে সে ক্ষেত্রে শিক্ষা শাখায় যোগাযোগ করতে হবে। উল্লেখ্য, যে সকল শিক্ষার্থীদের পূর্ববর্তী সেমিস্টারের ফিস বকেয়া আছে তাদেরকে অবশ্যই বকেয়া পরিশোধ সাপেক্ষে চলতি সেমিস্টারের টাকা পরিশোধ করতে হবে।

Arduyan
26/06/28

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/ ২৪৭২/০৩

তারিখঃ ২৬/০৬/২০২৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- পরিচালক, আইইপিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। অত্র বিজ্ঞপ্তি ইন্টারনেটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ম্যানেজার, জনতা ব্যাংক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য পাওনাদি জমা নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেওয়ার জন্য অনুরোধ করা হলো।
- সংরক্ষণ নথি।

(দেবানীষ মন্ডল)

ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা।